



৩০ শে মার্চ, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

বনানীতে এফ আর টাওয়ারে ভয়াবহ অগ্নিকাণ্ডে হতাহতের ঘটনায় ব্লাস্টের শোকপ্রকাশ এবং মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী বিল্ডিং কোড এনফোর্সমেন্ট এজেন্সি গঠন এবং ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের জোর দাবী

জাতীয় নিরাপত্তা সংক্রান্ত একটি জাতীয় নিরাপত্তা প্রচারাভিযান ঘোষণা করা, অগ্নি নির্বাপন সংক্রান্ত মহামান্য সুপ্রীম কোর্টের রায় ও বিদ্যমান আইন বাস্তবায়ন এবং সকলের ন্যায্যবিচার নিশ্চিত করতে জরুরি পদক্ষেপ নেয়ার জন্য ব্লাস্ট সরকারের প্রতি আহবান জানাচ্ছে। ব্লাস্ট গত ২৮ মার্চ ২০১৯ রাজধানীর বনানীতে এফ আর টাওয়ারে ভয়াবহ অগ্নিকাণ্ডে নিহতদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে পাশাপাশি উক্ত ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের প্রতি তীব্র নিন্দা জ্ঞাপন করছে।

রাষ্ট্রের দায়িত্ব সাকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। বাংলাদেশ সংবিধান প্রত্যেক নাগরিকের জীবনের অধিকার নিশ্চিত করলেও অবহেলাজনিত কারণে তা বিপন্ন হচ্ছে। উল্লেখ্য, ২০১০ সালে ব্লাস্ট, সেইফটি এন্ড রাইটস সোসাইটি, গুণি সহ কয়েকটি সংগঠনের ভবন নির্মাণ সংক্রান্ত দায়ের করা রিটের প্রেক্ষিতে (রিট পিটিশন নং ৭১৮/২০০৮) মহামান্য হাইকোর্ট সারা দেশে ন্যাশনাল বিল্ডিং কোড ২০০৬ এর পূর্ণ বাস্তবায়নে ভবন নির্মাণে যথাযথ নিয়ম নীতি অনুসরণ করার জন্য রাজউক, সিটি করপোরেশন সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ১ বছরের মধ্যে কোড এনফোর্সমেন্ট এজেন্সি (অথরিটি) গঠনের নির্দেশ দিয়েছিলেন। যার আজও বাস্তবায়ন হয়নি বরং বারংবার দেশে ভবন ধস সহ ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেই চলেছে। কেটস গার্মেন্টস, তাজরিন গার্মেন্টস, টেম্পাকো ফয়েলস, নিমতলী এবং সম্প্রতি চকবাজারে অগ্নিকাণ্ডের ঘটনায় পরবর্তী পদক্ষেপ নেয়ার জন্য মহামান্য আদালত বারবার আদেশ দিয়েছেন কিন্তু তার কোন বাস্তবায়ন হয় নাই। আজ আবার গুলশান-১ এর ডিএনসিসি মার্কেটে আগুন লাগে এবং প্রচুর ক্ষয়ক্ষতি হয়।

ব্লাস্ট এই অগ্নিকাণ্ডের পুনরাবৃত্তিতে গভীর উদ্বেগ প্রকাশ করছে। পাশাপাশি মহামান্য হাইকোর্টের নির্দেশনা দ্রুত বাস্তবায়নে কোড এনফোর্সমেন্ট অথরিটি গঠনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছে। এ ঘটনার সঠিক তদন্ত, দায়ী ব্যক্তিদের যথাযথ বিচার সহ ক্ষতিগ্রস্তদের উপযুক্ত ক্ষতিপূরণ প্রদানের জোর দাবী জানাচ্ছে।

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

আসমা উল হোসনা, কমিউনিকেশনস স্পেশালিস্ট, ব্লাস্ট

ফোন: ০১৭১২১৪৬৯৪২

E-mail: asma@blast.org.bd

এডভোকেট মোঃ বরকত আলী,

উপ পরিচালক আইন, ব্লাস্ট

ফোন: ০১৭১২৮৫৪৩০৮

E-mail: borkot@blast.org.bd